

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১১১

জম্মুইজলা, ১৯ মার্চ, ২০২৫

**জম্মুইজলায় লাইভস্টক মেলা অনুষ্ঠিত**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ জম্মুইজলা মহকুমার মুইতুলুং জেবি স্কুল প্রাঙ্গণে গৃহপালিত পশুপাখিদের নিয়ে একটি লাইভস্টক মেলা অনুষ্ঠিত হয়। বিধায়ক বিশ্বজিৎ কলই মেলার উদ্বোধন করেন। ১৭টি পরিবার তাদের গৃহপালিত পশুপাখি নিয়ে মেলায় অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীদের মেলায় পুরস্কৃত করা হয়। তাছাড়া ২৭ জন প্রাণীপালকের গৃহপালিত পশুপাখির চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মানব দেববর্মা, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জিলা পরিষদের সংশ্লিষ্ট দপ্তরের প্রিন্সিপাল অফিসার ডা. রত্নেশ্বর দেবনাথ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সিপাহীজলা জেলা কার্যালয়ের উপ অধিকর্তা ডা. কল্যাণ রায় প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জম্মুইজলা বিএসি'র ভাইস চেয়ারম্যান নিরঞ্জন কলই।

\*\*\*\*\*